গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তিতাস, কুমিল্লা
www.comilla.titas.gov.bd

# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মে, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ.টি.এম. মোর্শেদ<br>উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা। |
| সভার তারিখ | : | ১৫ মে, ২০২৩ |
| সময় | : | সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, তিতাস, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-“ক” |

সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এ বিষয়ে আলোচনার পর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং গত সভার সিদ্ধান্তের অগ্রগতি তুলে ধরার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অফিসার ইন-চার্জ, তিতাস থানা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তিতাস থানার সার্বিক বিষয় তুলে ধরেন এবং তিতাস উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোথাও আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিঘ্ন ঘটেনি। এপ্রিল, ২০২৩ মাসের উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নিম্নবর্ণিতভাবে তথ্য উপস্থাপন করেন।

**অপরাধ চিত্র: এপ্রিল, ২০২৩**

| ডাকাতি | দস্যুতা | খুন | দাঙ্গা | অপহরণ | অস্ত্র | সিধেল চুরি | চুরি | নারী নির্যাতন | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| -- | -- | ২ | -- | -- | -- | -- | ১ | -- | ১০ | ১৩ | -- |

**গ্রেফতারী পরোয়ানা তামিলের চিত্র: এপ্রিল, ২০২৩**

| পূর্ববর্তী মাস থেকে আগত | | বর্তমান মাসে কোর্ট হতে প্রাপ্ত | মোট | তামিল | রিকল | অন্যান্যভাবে খারিজ | মোট খারিজ | মুলতবী (মাস শেষে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| জিআর | ২০৮ | ১৮ | ২৬৬ | ০৯ | ০৩ | ১২ | ২৪ | ২০২ |
| সিআর | ৫৪ | ১১ | ৬৫ | ০২ | ০৩ | ০৬ | ১১ | ৫৫ |
| সাজা | ৬৭ | ০৯ | ৭৬ | ০১ | ০৭ | ০১ | ০৯ | ৬৭ |

**মামলা তদন্তের ফলাফল চিত্র: এপ্রিল, ২০২৩**

| পূর্ববর্তী মাসের জের | বর্তমান মাসে রুজু | মোট | সিএস | চূড়ান্ত রিপোর্ট | মোট | মূলতবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১২ | ১৩ | ২৫ | ০৯ | ০১ | ১০ | ১৫ | -- |

**ভ্রাম্যমাণ আদালতের অপরাধচিত্র: এপ্রিল, ২০২৩**

| ক্র: নম্বর | যে আইনে মোবাইলকোর্ট পরিচালনা করা হয় | মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | দণ্ড | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অর্থদণ্ড | কারাদণ্ড | |
| ০১. | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভূক্ত বিভিন্ন আইনে | ৮ | ১৪ | -- | ২৮,০০০/- | -- | -- |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা:** জনাব ফরিদা ইয়াসমিন, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, বেকু দিয়ে মাটি কাটা নিয়ে দুইটি পক্ষের মধ্যে বিবাদ চলমান। আমাকে বিভিন্ন ধরণের হুমকি দিচ্ছে। আমি আতঙ্কে আছি। প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা কামনা করছি। | মহিলা ভাইস-চেয়ারম্যানকে হুমকির বিষয়টি খতিয়ে দেখার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | ১। মহিলা ভাইস-চেয়ারম্যান<br>২। অফিসার ইন-চার্জ, তিতাস থানা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| ০২. | **অফিসার ইন-চার্জ, তিতাস থানা:** অফিসার ইন-চার্জ, তিতাস থানা সভায় জানান যে, গত মাসটি ছিল ঘটনাবহুল। যুবলীগ নেতা জনাব জামাল হোসেনকে গুলি করে হত্যা করা হয়। দ্রুত সময়ের মধ্যে আসামীদের গ্রেফতার করা হয়েছে। অবশিষ্ট আসামী অচিরেই গ্রেফতার করা হবে। সমকাল পত্রিকায় একটি রিপোর্ট প্রকাশ করা হয়। এটি অবেহেলা করলে চলবে না আবার বেশি আমলেও নেয়া যাবে না। সবাইকে সতর্ক থাকতে বলা হলো। অবৈধ অস্ত্র উদ্ধার একটি চলমান প্রকিয়া। অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান চলমান আছে। কারো কাছে অবৈধ অস্ত্র আছে এমন সন্ধান পাওয়া গেলে আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য সবাইকে অনুরোধ জানান। সিএনজি'র ভাড়া নির্ধারণের বিষয়টি নজরে আছে। উপজেলা প্রশাসন থেকে একটি কমিটি করা যেতে পারে। লাইসেন্সধারী অস্ত্র পাওয়ার ক্ষেত্রে সকলের জন্য প্রসেস/নিয়ম একই। জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হয়। ইউপি চেয়ারম্যান, নারান্দিয়া কর্তৃক তথ্যমতে ইয়াবা ব্যবসায়ী রাকিবের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে। মহিলা ভাইস-চেয়ারম্যানের সাথে আওয়ামীলীগের অন্য একটি পক্ষ বেকু দিয়ে মাটি কাটা নিয়ে যে সমস্যা সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | তিতাস উপজেলা যুবলীগ নেতা জনাব জামালকে হোসেনকে গুলি করে হত্যা করায় উপজেলা প্রশাসন কর্তৃক এর তীব্র নিন্দা জানাই। দ্রুত সময়ে আসামীদের চিহ্নিত করে গ্রেফতার করায় উপজেলা প্রশাসন থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। অবৈধ অস্ত্রের সন্ধান পাওয়া গেলে আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য সবাই অনুরোধ করা হলো। সিএনজি/অটোরিক্সার ভাড়া নির্ধারণের জন্য অচিরেই একটি কমিটি গঠন করা হবে। বেকু দিয়ে মাটি কাটার বিষয়টি সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৩. | **উপজেলা সমাজসেবা অফিস:** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের এপ্রিল-জুন, ২০২৩ মাসের পে-রোল শুরু করা হয়েছে। কোন ভাতাভোগীদের সমস্যা থাকলে অফিসে যোগাযোগ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। | সমাজসেবা অফিসের আওতাধীন বিভিন্ন ভাতাভোগীদের ভাতা পেতে কোন সমস্যা থাকলে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করার বিষয়ে সবাইকে অবহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৪. | **উপজেলা শিক্ষা অফিস:** উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব লায়লা পারভীন বানু সভায় জানান যে, আগামী ১৬ মে ২০২৩ তারিখ থেকে প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণি থেকে ৫ম শ্রেণির ১ম প্রান্তিক মূল্যায়ণ শুরু হবে। মূল্যায়নের জন্য শিক্ষার্থীদের থেকে কোন প্রকার ফি নেয়া যাবে না। মূল্যায়নের প্রশ্ন ও উত্তর পত্রের খরচ স্লিপ বা কন্টিজেন্সি থেকে ব্যয় করার নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নকালে ভর্তি, খেলা, সার্টিফিকেট বা অন্য কোন কারণে টাকা নেয়ার কোন সুযোগ নেই। যদি কোন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কোন শিক্ষার্থীদের থেকে কোন প্রকার টাকা নেয়া হয় তাহলে উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করতে বলা হলো। ক্লাস্টার পর্যায়ে প্রশ্ন করা হবে। কুমিল্লা জেলায় অভিন্ন রুটিনে মূল্যায়ন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে প্রতিটি প্রতিষ্ঠানে দুইটি করে কাব দল গঠন করা হয়েছে এবং প্রতিটি শিক্ষার্থীকে কাব প্রশিক্ষণ দেয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম নেয়া হচ্ছে। | এ বিষয়ে শিক্ষার্থীদের বা অভিভাবকদের অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। স্থানীয় ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়টি সার্বিকভাবে তদারকি করবেন। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৫. | **চেয়ারম্যান, কড়িকান্দি ইউনিয়ন:** কড়িকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, যুবলীগ নেতা জামাল হত্যার তীব্র নিন্দা জানাই। প্রকৃত অপরাধীকে আইনের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হয়। সমকাল পত্রিকায় ইঙ্গিত দেয়া/হুমকির বিষয়ে নেতাকর্মীরা আতঙ্কিত। নিরাপত্তার স্বার্থে কিভাবে লাইসেন্সধারী অস্ত্র পেতে পারি সে বিষয়ে ইউপি চেয়ারম্যান সভায় অনুরোধ জানায়। | নিরাপত্তার স্বার্থে লাইসেন্সধারী অস্ত্র পেতে হলে জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের বরাবর আবেদন করতে হবে এবং এর প্রেক্ষিতে জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয় তদন্ত সাপেক্ষে বিধি মোতাবেক অস্ত্র প্রদান করবেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৬. | **চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন:** নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, জামাল হত্যার তীব্র নিন্দা জানাই। দ্রুত সময়ে প্রকৃত অপরাধীকে গ্রেফতারের বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী তৎপরতা দেখিয়েছে। তাদেরকে ধন্যবাদ জানাই। তিতাস উপজেলা | নারান্দিয়া ইউনিয়নের রাকিব নামের ইয়াবা ব্যবসায়ীকে তদন্ত সাপেক্ষে গ্রেফতারের বিষয়ে অফিসার ইন-চার্জ, | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | পরিষদের চেয়ারম্যান জনাব মো: পারভেজ হোসেন সরকারকে মাটির সাথে মিশিয়ে দিবে এমন বক্তব্যের প্রতিবাদ জানাই। নারান্দিয়া ইউনিয়নে রাকিব নামের এক ব্যক্তি ইয়াবা ব্যবসার সাথে জড়িত তাকে গ্রেফতারের বিষয়ে অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে সভায় অনুরোধ জানানো হয়। | তিতাস থানাকে অনুরোধ করা হলো। | |
| ০৭. | **চেয়ারম্যান, মজিদপুর ইউনিয়ন:** মজিদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, তিতাস উপজেলার যুবলীগ নেতা জনাব জামালকে গুলি করে হত্যা করা হয়। এই হত্যার তীব্র নিন্দা জানাই। অবৈধ অস্ত্র উদ্ধারের বিষয়ে বিশেষ অভিযান পরিচালনার জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে সভায় অনুরোধ জানানো হয়। | অবৈধ অস্ত্র উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, তিতাস থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইন-চার্জ, তিতাস থানা |
| ০৮. | অধ্যক্ষ, মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদ্রাসা: জনাব নুরুল আমিন, অধ্যক্ষ, মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদ্রাসা সভায় জানান যে, তিতাস উপজেলার বিভিন্ন রাস্তায় সিএনজি/অটোরিক্সাওয়ালারা নিজেদের ইচ্ছামত ভাড়া নির্ধারণ করে সাধারণ মানুষকে হয়রানী করা হচ্ছে। এতে করে সিএনজি ড্রাইভার ও অটোরিক্সাওয়ালাদের সাথে দাঙ্গা হাঙ্গামাসহ হাতাতি ঘটনা ঘটছে। যেমন গাজীপুর টু জগতপুর রাস্তাটি সুন্দর ও পাকা করা। উক্ত রাস্তায় সর্বোচ্চ ভাড়া হতে পারে ১০/১৫ টাকা। কিন্তু এখানে ৩০ টাকা ভাড়া প্রদান করতে হয়। এতে করে আমাদের মত কম আয়ের মানুষসহ সাধারণ মানুষ যাতায়াত করতে অসুবিধা হচ্ছে। তিতাস উপজেলার প্রতিটি রাস্তায় সিএনজি ও অটোরিক্সাওয়ালাদের উপজেলা প্রশাসন হতে ভাড়া নির্ধারণের জন্য সভায় আহবান জানান। | তিতাস উপজেলার প্রতিটি রাস্তায় সিএনজি ও অটোরিক্সাওয়ালাদের ভাড়া নির্ধারণের জন্য অচিরেই একটি কমিটি গঠন করা হবে। | ১। অফিসার ইন-চার্জ, তিতাস থানা<br>২। উপজেলা প্রকৌশলী, তিতাস |
| ০৯. | **সভাপতি, তিতাস উপজেলা প্রেস ক্লাব:** জনাব নাজমুল করিম ফারুক সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ চলমান আছে। স্বচ্ছতার সহিত শিক্ষক নিয়োগ কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানান। অপরদিকে নদী ও খাল খননের মাটি বিক্রির বিষয়টি গুরুত্বসহকারে দেখার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হলো। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ স্বচ্ছতার সহিত বাস্তবায়ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। নদী ও খাল খননের মাটি পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয় করে মাটি বিক্রির বিষয়টি সমাধান করা হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

০১. সভাপতি জানান যে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত সকল আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে।

০২. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশ ও সংশ্লিষ্টদের সমন্বয়ে মাদকদ্রব্য ও চোরাচালান বিরোধী এবং টাস্কফোর্স অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

০৩. কড়িকান্দি ও বাতাকান্দি বাজারের যানজট নিরসনে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার জন্য আহবান করা হলো।

০৪. এসএসসি/দাখিল পরীক্ষা-২০২৩ চলমান আছে। সংশ্লিষ্ট সকলের দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো। ।

০৫. নদী ও খাল খননের মাটি বিক্রি করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.৫.২৩


এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
তিতাস, কুমিল্লা।
ফোন: ০২৩৩৪৪১০০১০
ই-মেইল: unotitas1@gmail.com

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৮.২২-৫২০(৫০) তারিখ: ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩০
১৭ মে, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জনাব সেলিমা আহমাদ, মাননীয় সংসদ সদস্য, ২৫০ কুমিল্লা-২
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮. উপজেলা ----------------------------------- অফিসার, তিতাস, কুমিল্লা।
০৯. সহকারী প্রোগ্রামার, তিতাস, কুমিল্লা। [সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১০. চেয়ারম্যান, --------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তিতাস, কুমিল্লা।
১১. জনাব ----------------------------------------------------------------------------

১৭.৫.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা।